# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৩

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ আল্লাহর সাথে শিরকের ক্ষেত্রে ‘যুলম’ নাম ব্যবহার

ذِكْرُ إِطْلَاقِ اسْمِ الظُّلْمِ عَلَى الشِّرْكِ بِاللَّهِ جل وعلا

আরবী

أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ أَحْمَدَ بْنِ إِبْرَاهِيمَ بْنِ فِيلٍ الْبَالِسِيُّ بِأَنْطَاكِيَةَ وَمُحَمَّدُ بْنُ إِسْحَاقَ قَالَا: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْعَلَاءِ بْنِ كُرَيْبٍ قَالَ: حَدَّثَنَا ابْنُ إِدْرِيسَ عَنِ الْأَعْمَشِ عَنْ إِبْرَاهِيمَ عَنْ عَلْقَمَةَ عَنْ عَبْدِ اللَّهِ قَالَ: لَمَّا نَزَلَتْ هَذِهِ الْآيَةُ: {الَّذِينَ آمَنُوا وَلَمْ يَلْبِسُوا إيمانهم بظلم} [الأنعام: 82] قَالَ أَصْحَابُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَيُّنا لَمْ يَظْلِمْ نَفْسَهُ؟ قَالَ: فَنَزَلَتْ: {إن الشرك لظلم عظيم} [لقمان: 13].
قَالَ ابْنُ إِدْرِيسَ: حَدَّثَنِيهِ أَبِي عَنْ أَبَانَ بْنِ تَغْلِبَ عَنِ الْأَعْمَشِ ثُمَّ لَقِيتُ الْأَعْمَشَ فحدثني به.
الراوي : ابْن مَسْعُودٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 253 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২৫৩. আব্দুল্লাহ বিন মাসঊদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: “যখন এই আয়াত নাযিল হয় “যারা ঈমান আনয়ন করেছে এবং তাদের ঈমানের সাথে যুলম সংমিশ্রণ করেনি...।” (সূরা আন‘আন: ৮২) তখন সাহাবীগণ বলেন: “আমাদের মাঝে এমন কে আছেন, যিনি নিজের উপর যুলম করেনি?” রাবী বলেন, এর পরিপেক্ষিতে নাযিল হয়: “নিশ্চয়ই শিরক মহা যুলম।” (সূরা লুকমান: ১৩)[1]

ইবনু ইদরীস বলেছেন, আমাকে হাদীস বর্ণনা করেছেন আমার বাবা, তিনি আবান বিন তাগলিব থেকে তিনি আ'মাশ বর্ণনা করেছেন। অতঃপর আমি আ'মাশ রহিমাহুল্লাহর সাথে সাক্ষাৎ করলে, তিনি আমাকে হাদীসটি বর্ণনা করেন।

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১২৪, ১৯৮; তাবারী: ৭/২৫৫; সুনান বাইহাকী: ১০/১৮৫; তায়ালিসী: ২৭০; মুসনাদ আহমাদ: ১/৩৮৭; সহীহ আল বুখারী: ৩২; তিরমিযী: ৩০৬৭; তাবারী: ৭/২৫৫-২৫৬; নাসাঈ: ৭/১০০; ইবনু মান্দাহ: ২৬৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ২৫২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসঊদ (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88552

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন